গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
১/আই, পরিবাগ, শাহবাগ, ঢাকা।
www.hindutrust.gov.bd

স্মারক নং:- ১৬.০৫.০০০০.০০৫.০৬.৬১৮.১৭-০৩ তারিখ:-০১/০১/২০১৮ খ্রিঃ

বিষয়: তীর্থ পরিক্রমায় শ্রীশ্রী চন্দ্রনাথ ও শ্রীশ্রী আদিনাথ ধাম (২৭-২৯ ডিসেম্বর,২০১৭) ভ্রমণের প্রতিবেদন।

হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের ব্যবস্থাপনায় ২৭ ডিসেম্বর ২০১৭ থেকে ২৯ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ পর্যন্ত তিন দিনের জন্য চন্দ্রনাথ ধাম ও কক্সবাজারের আদিনাথ ধাম ভ্রমণের কর্মসূচি গ্রহণ করা হয় তা নিম্নরূপে বাস্তবায়ন করা হয়।

১। **২৭.১২.২০১৭ খ্রিঃ বুধবার** সকাল ৬.৩০ মিনিটের মধ্যে তীর্থযাত্রীগণ ট্রাস্ট কার্যালয়ে এসে উপস্থিত হন। প্রধান অতিথি হিসাবে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এলে অধ্যক্ষ বিপুল বিহারী হালদারের সভাপতিত্বে ৭.৩০টায় উদ্বোধনী অনুষ্ঠান শুরু হয়। উদ্বোধনী অনুষ্ঠানে তীর্থযাত্রী ছাড়াও ট্রাস্টি বোর্ডের সদস্যগণের মধ্যে উপস্থিত ছিলেন শ্রী শ্যামল ভট্টাচার্য, শ্রী রিপন রায় লিপু ও শ্রী সুব্রত পাল। সচিব মহোদয় এ তীর্থযাত্রার আয়োজন করায় ট্রাস্টি বোর্ড ও ধর্ম সচিব মহোদয়কে ধন্যবাদ জানিয়ে অংশগ্রহণকারী তীর্থযাত্রীদের স্বাগত জানান। ভবিষ্যতে আরও বেশি বেশি এ ধরণের আয়োজন করার তাগিদ দিয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মোঃ আনিছুর রহমান প্রধান অতিথি হিসাবে তীর্থযাত্রার শুভ উদ্বোধন করেন।

২। সকাল ১০.৩০ মিনিটে শ্যামলী পরিবহনের ঢাকা মেট্রো-গ-২৬৫৭ নং বাস ও অফিসের মাইক্রো যোগে ৪৬জনের একটি তীর্থযাত্রী দল চন্দ্রনাথ ধাম, সীতাকুন্ডের উদ্দেশে যাত্রা শুরু করে। দলটি বিকাল ৪.০০টায় চন্দ্রনাথ ধামে পৌঁছে। শঙ্কর মঠের অধ্যক্ষ শ্রীমৎ তপনানন্দ গিরি মহারাজ ও চট্টগ্রাম জেলার দায়িত্বপ্রাপ্ত ট্রাস্টি শ্রী প্রিয়তোষ শর্মা চন্দন এবং মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম শীর্ষক প্রকল্পের সহকারী পরিচালক শ্রী রিঞ্জু শর্মা ও তাঁর সহকারীগণ তীর্থযাত্রী দলকে ফুল দিয়ে বরণ করেন। শঙ্কর মঠ ও মিশনে দুপুরের খাবার গ্রহণ করা হয়। অতঃপর কিছু সময় সমতলের কয়েকটি মন্দির পরিদর্শন করা হয়। রাতে শঙ্কর মঠের অধ্যক্ষের সভাপতিত্বে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শুরুতে শ্রীশ্রী শঙ্কর মঠ ও মিশন ছাড়াও শ্রীশ্রী ভোলানন্দ গিরি আশ্রম ও শ্রীশ্রী লোকনাথ ব্রহ্মচারী আশ্রম ও শ্রীশ্রী জগন্নাথ মন্দিরের পক্ষ থেকে শুভেচ্ছা জ্ঞাপন করা হয়। তীর্থযাত্রায় প্রথমেই চন্দ্রনাথকে বেছে নেয়ায় হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টকে ধন্যবাদ জ্ঞাপন করেন শঙ্কর মঠের অধ্যক্ষ। তিনি শ্রীশ্রী শঙ্কর মঠের এবং শ্রীশ্রী চন্দ্রনাথ তীর্থধামের তথ্য ও মাহাত্ম্য বর্ণনা করেন। ট্রাস্টের পক্ষ থেকে অধ্যক্ষ বিপুল বিহারী হালদার, এ্যাড. নিমাই রায়, এ্যাড. রথীশ চন্দ্র ভৌমিক ও এ্যাড. উজ্জল প্রসাদ কানু এবং সচিব শ্রী রঞ্জিত কুমার দাস তীর্থ ভ্রমণের উদ্দেশ্য সম্পর্কে মতবিনিময় করেন ও শংকর মঠের আতিথ্য ও সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। পরে রাতের খাবার খেয়ে সকলে বিশ্রাম নেন।

৩। **২৮.১২.২০১৭ খ্রিঃ বৃহস্পতিবার** সকাল ৬.৩০ মিনিটের মধ্যে তীর্থযাত্রীগণ চন্দ্রনাথ পাহাড়ে শ্রীশ্রী চন্দ্রনাথ ধামে যান এবং শ্রীশ্রী স্বয়ম্ভু নাথ মন্দিরে শ্রীশ্রী শিবের পূজায় অংশ গ্রহণ করেন। পূজা শেষে অপরাপর মন্দিরগুলোও দর্শন করা হয়। সকাল ১০.০০টায় শঙ্কর মঠ থেকে যাত্রা করে চট্টগ্রামের শ্রীশ্রী কৈবল্যধামে পৌঁছেন। সেখানে সকলে পূজা শেষে প্রসাদ গ্রহণ করেন। দলটি সন্ধ্যা ৭,০০টায় কক্সবাজারে পৌঁছেন। কক্সবাজারের হোটেল সী কুইনে থাকার ব্যবস্থা হয়। রাতে শ্রীশ্রী সৎসঙ্গ আশ্রমে মতবিনিময় সভায় তীর্থযাত্রীদল অংশগ্রহণ করেন। এ সময় তীর্থযাত্রীগণ রামুর রামকুট মন্দির সম্পর্কে সাম্যক অবহিত হন। এখানে কক্সবাজারের বিভিন্ন মন্দিরের পক্ষ থেকে তীর্থযাত্রী দলকে শুভেচ্ছা জ্ঞাপন করা হয়। ট্রাস্টের পক্ষ থেকে এ্যাড. নিমাই রায়, এ্যাড. রথীশ চন্দ্র ভৌমিক ও এ্যাড. উজ্জল প্রসাদ কানু এবং সচিব শ্রী রঞ্জিত কুমার দাস কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকলের রাতের খাবার শ্রীশ্রী সৎসঙ্গ আশ্রমেই সম্পন্ন হয়।

৪। **২৯.১২.২০১৭ খ্রিঃ শুক্রবার** সকাল ৮.০০ টার মধ্যে তীর্থযাত্রীগণ সমুদ্রস্নান সম্পন্ন করেন। সকালের জলখাবার শেষে সকলে ট্রলার যোগে সমুদ্র পথে মহেশখালীর শ্রীশ্রী আদিনাথ মন্দিরের উদ্দেশে রওনা হন। শ্রীশ্রী আদিনাথ মন্দিরের পক্ষ থেকে তীর্থযাত্রীগণকে স্বাগত জানানো হয় । এখানেও মতবিনিময় হয়। পূজায় অংশগ্রহণ শেষে সকলে প্রসাদ গ্রহণ করেন। বিকেলে কক্সবাজার ফিরে সকলে সমুদ্র সৈকতে সূর্যাস্ত অবলোকন করেন। কক্সবাজারের একটি হোটেলে রাতের খাবারের ব্যবস্থা করা হয়। রাত ১০.৩০ মিনিটে তীর্থদলটি ঢাকার উদ্দেশে রওনা হয়ে পরের দিন ৩০ ডিসেম্বর শনিবার ১০.৩০মিনিটে ঢাকায় প্রত্যাবর্তন করেন। সকল তীর্থযাত্রী সুস্থ শরীরে

ঢাকায় প্রত্যাবর্তন করেন। গৃহীত তীর্থ পরিক্রমার প্রথম যাত্রাটি সফলভাবে সম্পন্ন হওয়ায় ট্রাস্টের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে কৃতজ্ঞতা প্রকাশ করা হয়।

৫। তীর্থযাত্রীগণ তাঁদের মতামতে বলেন যে, ট্রাস্টের পক্ষ থেকে তীর্থ পরিক্রমার সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন। এতে ট্রাস্টের সাথে অন্য ধর্মীয় প্রতিষ্ঠান/উপাসনালয় এবং সরকারের সাথে জনগণের সম্পর্ক উন্নয়নের মাধ্যমে সামাজিক এবং ধর্মীয় সম্প্রীতি বৃদ্ধি ঘটবে। তীর্থযাত্রায় পরিভ্রমণকালে প্রতি উপাসনালয়ে দেশের কল্যাণ ও সমৃদ্ধি কামনা করে সমবেত প্রার্থনা করা হয়।

৬। প্রতিবেদনটি মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

স্বা/=০১/০১/২০১৭
(রঞ্জিত কুমার দাস)
সচিব
হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট
ই-মেইল: dasranjitkumer@gamil.com

সচিব,
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয় , ঢাকা।

স্মারক নং:- ১৬.০৫.০০০০.০০৫.০৬.৬১৮.১৭-০৩ তারিখ:-০১/০১/২০১৮ খ্রিঃ

অনুলিপি
১. ভাইস-চেয়ারম্যান, হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট।
২. ট্রাস্টি শ্রী/শ্রীমতি..হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট।
৩. মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় , ঢাকা। (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৪. প্রকল্প পরিচালক, মন্দির ভিত্তিক শিশু ও গণ শিক্ষা কার্যক্রম/ আর্থ সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইত প্রশিক্ষণ,হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট ঢাকা।
৫. সভাপতি/সম্পাদক/অধ্যক্ষ,...।

স্বা/=০১/০১/২০১৭
(রঞ্জিত কুমার দাস)
সচিব
হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট
ই-মেইল: dasranjitkumer@gamil.com